

বিডিএফ বৈঠকে ফজলে হাসান আবেদ

শিক্ষায় বরাদ্দ বৃদ্ধি ও যোগ্য

শিক্ষক নিয়োগ করতে হবে

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি উন্নয়ন সংস্থা ট্র্যাকের চেয়ারপারসন ফজলে হাসান আবেদ বলেছেন, বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ খুবই কম। মানসম্মত শিক্ষার জন্য বাজেটে বরাদ্দ আরও বাড়াতে হবে। ভালো নীতি ও পুরস্করণ অনুযায়ী কার্যক্রম পরিচালনা করলে দেশে মানসম্মত শিক্ষার বিস্তার ঘটবে। পাশাপাশি যোগ্য শিক্ষক নিয়োগ প্রয়োজন। গতকাল সোমবার রাজধানীর শেরেবাংলা নগরের বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ উন্নয়ন ফোরামের (বিডিএফ) বৈঠকে 'মানসম্পন্ন শিক্ষা ও স্বাস্থ্য: সকলের জন্য নিরাপদ ভবিষ্যৎ নিশ্চিতকরণ' শীর্ষক দ্বিতীয় দিনের অধিবেশনে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে প্যানেল আলোচক হিসেবে ছিলেন ট্র্যাকের প্রতিষ্ঠাতা এবং চেয়ারপারসন স্যার ফজলে হাসান আবেদ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার আবাসিক প্রতিনিধি ড. নভরহাফী প্যারানিথেরন। অধিবেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের সচিব সৈয়দ মঞ্জুরুল ইসলাম এবং শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ।

অর্থমন্ত্রী বলেন, শিক্ষা এবং স্বাস্থ্য খাতে বরাদ্দ প্রয়োজনের তুলনায় বেশ কম। বিষয়টি উন্নয়ন সহযোগীরা তুলে ধরেছেন। সরকার আগামী অর্থবছরে খাত দুটিকে বিশেষ গুরুত্ব দেবে। মূল প্রবন্ধে স্বাস্থ্য সচিব বলেন, স্বাস্থ্য খাতের উন্নয়নে এমডিজি এবং এসডিজি লক্ষ্যমাত্রা অনুযায়ী সরকার কাজ করছে। মুক্ত আলোচনায় স্বাস্থ্য খাতের কয়েকটি চ্যালেঞ্জ উঠে আসে। এগুলোর মধ্যে রয়েছে— এমডিজির অসমাপ্ত এজেন্ডা বাস্তবায়ন, এসডিজির আলোকে স্বাস্থ্য খাতকে সাজানো, দক্ষ মানবসম্পদ উন্নয়ন ও অর্থসংস্থান। শিক্ষা বিষয়ে মূল প্রবন্ধে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চৌধুরী মুফাদ আহমেদ বলেন, ২০১৫ সালে এমডিজি এবং সবার জন্য শিক্ষা লক্ষ্যমাত্রার অর্জনের চূড়ান্ত বর্ষ।